চাঁদা না পেয়ে ব্যবসায়ীর দুই হাত ভেঙ্গে দিলেন যুবদল নেতা শ্যুটার শফিক



ছবি- বাম দিকে রাব্বানী, ডান দিকে শ্যুটার শফিক

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ থানাধীন কর্নগোপ এলাকায় চাঁদা না দেওয়ায় এক জুট ব্যবসায়ীর হাত ভেঙ্গে দেওয়ার অভিযোগ উঠেছে স্থানীয় বহিস্কৃত যুবদল নেতা শ্যুটার শফিকুল ইসলামের বিরুদ্ধে। ভুক্তভোগী গোলাম রাব্বানী এমন গুরতর অভিযোগ এনেছেন।

জানা যায়, কিছুদিন পূর্বে ব্যবসায়ী গোলাম রাব্বানীর কাছ থেকে ৪ লাখ টাকা চাঁদা দাবী করেন বহিস্কৃত যুবদল নেতা শফিকুল ইসলাম। পরে ১ লাখ টাকা চাঁদা আদায়ও করেন তিনি। আজ সন্ধ্যা আনুমানিক ৬ টার দিকে গোলাম রাব্বানীর নিজ ব্যবসায়ী প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে মাথায় পিস্তল ধরে বাকি ৩ লাখ টাকা চাঁদা দাবী করেন। জুট ব্যবসায়ী গোলাম রাব্বানী বাকি ৩ লক্ষ টাকা চাঁদা দিতে অস্বীকৃতি জানালে ব্যবসায়ী গোলাম রাব্বানীর ২ হাত ভেঙ্গে দেন শফিকুল ইসলাম ও তার সন্ত্রাসী স্যুটার বাহিনীরা।

স্থানীয় সূত্রে জানা যায়, বিএনপি নেতা শফিকুল ইসলাম দীর্ঘদিন ধরে এলাকাজুড়ে চাঁদাবাজি ও দখলবাজির সঙ্গে জড়িত। এছাড়া পূর্বে একাধিক অস্ত্র- চাঁদাবাজি মামলা রয়েছে শফিকুল ইসলামের বিরুদ্ধে। তবে এসকল মামলা থাকা সত্বেও এলাকায় দাপটে ঘুরে বেছানে তিনি।

ঘটনার বিষয়ে সত্যতা জানতে শফিকুল ইসলামকে ফোন করলে তার ফোন বন্ধ পাওয়া যায়।

এবিষয়ে ভুক্তভোগী গোলাম রাব্বানীর স্ত্রী রুবা আক্তার মামলার বিষয়ে প্রস্তুতি নিচ্ছেন বলে লেন্স এশিয়াকে জানিয়েছেন।